

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.mowca.gov.bd



স্মারক নং: ৩২.০০.০০০০.০৫৬.১১.০০৬.২০-১১৬

তারিখ: ০৩ জুন, ২০২১ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন “তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবল প্রকল্প মেয়াদের জন্য নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র. নং	পদের নাম	বেতন স্কেল/ সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১	প্রোগ্রামার	গ্রেড-০৬ (বেতন স্কেল: ৩৫,৫০০.০০ -৬৭,০১০.০০) সাকুল্য বেতন ৫৬,৫২৫.০০ টাকা	০১ (এক) টি	অনুর্ধ্ব ৩৫ বছর	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা সিএসই/আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং ২) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে; ৩) আইটিইএস বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হবে; এবং ৪) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; ৫) তথ্যআপা প্রকল্প (১ম পর্যায়) এর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করা যেতে পারে; ৬) একটি স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সদস্য হতে হবে;	
০২	সহকারী প্রোগ্রামার	গ্রেড-৯ (বেতন স্কেল: ২২,০০০.০০- ৫৩,০৬০.০০), সাকুল্য বেতন ৩৫,৬০০.০০ টাকা	০১ (এক) টি	অনুর্ধ্ব ৩০ বছর	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা সিএসই/ আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; ২) Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ এবং দক্ষতা থাকতে হবে; ৩) স্ট্যান্ডার্ড এ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে; ৪) আইটিইএস বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হবে; ৫) একটি স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে; ৬) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না;	

ক্র. নং	পদের নাম	বেতন স্কেল/সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০৩	তথ্যসেবা কর্মকর্তা	গ্রেড-১০ (বেতন স্কেল: ১৬,০০০.০০-৩৮,৬৪০.০০), সাকুল্য বেতন ২৭,১০০.০০ টাকা।	৩৭ (সাঁইত্রিশ) টি	অনুর্ধ্ব ৩০ বছর	১) শুধু মহিলা কর্মকর্তা নিয়োগ করা হবে; ২) পদটি সংশ্লিষ্ট উপজেলার উপযুক্ত প্রার্থী দ্বারা পূরণ করা হবে। তবে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে পার্শ্ববর্তী উপজেলার প্রার্থী দ্বারা পূরণ করা হবে (পার্শ্ববর্তী উপজেলা সমূহের তালিকা https://erecruitment.bcc.gov.bd ওয়েবসাইটে উল্লেখ করা হবে) ৩) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি বা কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে CSE/ICT সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; ৪) বেসিক আইটিতে ডিপ্লোমা/সার্টিফিকেট থাকতে হবে; ৫) মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ব্রাউজিং এবং সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, ম্যাসেঞ্জার, স্কাইপি, টুইটার, লিংকডইন, ভিডিও কনফারেন্সিং ইত্যাদি) পরিচালনায় দক্ষতা থাকতে হবে; ৬) সংশ্লিষ্ট বিষয়ে Aptitude পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; ৭) তথ্যআপা প্রকল্প (১ম পর্যায়) এর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল করা যেতে পারে; ৮) কলাম-৭ এ উল্লিখিত উপজেলায় অবস্থিত তথ্যকেন্দ্র, তথ্যআপা প্রকল্প (২য় পর্যায়) এর শূন্য পদে চাকুরী করতে ইচ্ছুক প্রার্থীরাই শুধু আবেদন করতে পারবেন।	যে সকল উপজেলায় শূন্য পদ রয়েছে: মহেশখালী, রুমা, বান্দরবান সদর, থানচি, লামা, আলীকদম, রোয়াংছড়ি, জুরাছড়ি, নানিয়ারচর, বিলাইছড়ি, লংগদু, রাজশ্রুতী, বরকল, মাটিরাঙ্গা, গুইমারা, দীঘিনালা, মহালছড়ি, রামগড়, সন্দ্বীপ, সুবর্নচর, হাতিয়া, হাইমচর, ছাগলনাইয়া, রায়পুর, হিজলা, পাথরঘাটা, বেতাগী, মনপুরা, কাউখালী, রাজাবলি, দিরাই, বিশ্বম্ভরপুর, জামালগঞ্জ, শাল্লা, বালাগঞ্জ, সায়েস্তাগঞ্জ, লালমাই।

শর্তাবলিঃ

১। সকল প্রার্থীকে অনলাইনের মাধ্যমে আগামি ১১/০৭/২০২১ খ্রিঃ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে। অনলাইন ব্যতিত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

২। অনলাইন আবেদনের জন্য <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment System কর্তৃক ভেরিফিকেশন লিংক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ভেরিফিকেশন লিংকে নিজস্ব ই-মেইল এবং প্রদত্ত পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় খাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রদত্ত নিবন্ধন ম্যানুয়াল, আবেদন ম্যানুয়াল ও ভিডিও টিউটোরিয়াল অনুসরণ করতে হবে)। উল্লেখ্য যে, নিয়োগ সংক্রান্ত সকল যোগাযোগ ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে করা হবে;

৩। নিয়োগ কার্যক্রমে বাংলাদেশ সরকারের বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪। তথ্যসেবা কর্মকর্তা পদে শুধু শূন্যপদসংশ্লিষ্ট উপজেলায় চাকুরি করতে ইচ্ছুক এরূপ মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

৫। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

৬। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, (খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, (গ) ইউনিয়ন পরিষদের অধিভুক্ত এলাকার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক 'আবেদনকারী সংশ্লিষ্ট এলাকার স্থানীয় অধিবাসী' মর্মে প্রদত্ত নাগরিকত্ব সনদ, (ঘ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, (ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, (চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ এবং কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণকের মূলকপি এবং ০১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। ১১/০৭/২০২১ খ্রি: তারিখে সশ্লিষ্ট প্রার্থীর বয়স ক্রমিক নং ১ নং এর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর এবং ২ ও ৩ নং এর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;


৮। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না;

৯। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

১০। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১১। নিয়োগের ক্ষেত্রে প্রচলিত বিধি অনুযায়ী কোটা পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে) অনুসরণ করা হবে;

১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



মোহাম্মদ শহীদুল্লাহ

উপসচিব (উন্নয়ন-১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়